

স্মারক নং- রাবিপ্রবি/প্রশা: শা:/বিবিধ/২০২০/২২২

তারিখ : ১০/০৮/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় গত ২৬/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে আগামী ১২/০৮/২০২০ তারিখ থেকে অনলাইন ক্লাস শুরু করার নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:-

১. আগামী ১২ আগস্ট ২০২০ খ্রি. থেকে রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগে অনলাইন ক্লাস শুরু হবে। অনলাইন ক্লাসের ভিডিওসমূহ প্রয়োজনে Youtube/Facebook প্ল্যাটফর্মে Upload করতে হবে যাতে করে অনুপস্থিত শিক্ষার্থীরা যেকোন সময় তা দেখতে পারে।
২. অনলাইন শিক্ষা কার্যক্রম শুধুমাত্র ক্লাস পরিচালনার মধ্যেই সীমিত থাকবে। Mid-Term কিংবা Final পরীক্ষা গ্রহণ করা যাবে না। তবে অনলাইনে Assignment গ্রহণ করা যাবে।
৩. চাহিদা/গুরুত্ব/প্রয়োজনীয়তা অনুসারে প্রাথমিক পর্যায়ে ব্যাচ/সেমিস্টার ভিত্তিক অনলাইন ক্লাস শুরুর বিষয়ে বিভাগীয় একাডেমিক/প্র্যানিং কমিটি সিদ্ধান্ত নেবেন।
৪. প্রত্যেক বিভাগ স্ব-স্ব একাডেমিক কমিটির মিটিং- এর মাধ্যমে অনলাইন ক্লাসের রুটিন তৈরী করে শিক্ষার্থীদের জানানোর ব্যবস্থা করবেন। বিভাগীয় প্রধানগণ প্রত্যেক ব্যাচ/সেমিস্টারের জন্য একজন শিক্ষককে দায়িত্ব প্রদান করে ইন্টারনেট সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের একটি তালিকা তৈরী করবেন।
৫. আর্থিকভাবে অসচ্ছল ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের ইন্টারনেট সুবিধা প্রদান করা যায় কিনা তা পরবর্তীতে ইউজিসি এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. সকল শিক্ষককেই বিশ্ববিদ্যালয়ের ওয়েব মেইল (xxxx@rmstu.edu.bd) ব্যবহার করে BdRen এর মাধ্যমে unlimited zoom facilities এর জন্য registration করতে হবে।
৭. প্রতিটি বিভাগে এক বা দুইজন শিক্ষকের সমন্বয়ে একটি অনলাইন সাপোর্ট কমিটি গঠন করা যেতে পারে। যারা অনলাইন ক্লাস পরিচালনায় শিক্ষকদের সব ধরনের সহায়তা প্রদান করবেন। প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের সহকারী কম্পিউটার প্রোগ্রামার জনাব এ এম শাহেদ আনওয়ার - এর সহায়তা নিতে পারবেন।

উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে




অঞ্জন কুমার চাকমা
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখ : ১০/০৮/২০২০ খ্রি.

স্মারক নং- রাবিপ্রবি/প্রশা: শা:/বিবিধ/২০২০/

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান, রাবিপ্রবি। (প্রয়োজনীয় ব্যবস্থা নিন)
২. উপ-পরিচালক (হিসাব), রাবিপ্রবি।
৩. সহকারী রেজিস্ট্রার (একাডেমিক), রাবিপ্রবি।
৪. পিএস টু ভিসি (মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), রাবিপ্রবি।
৫. সচিব কর্মকর্তা, রাবিপ্রবি। (প্রচারের ব্যবস্থা নিন)
৬. সহকারী কম্পিউটার প্রোগ্রামার, রাবিপ্রবি। (ওয়েবসাইটে প্রকাশ করুন)
৭. অফিস নথি।



মোহাম্মদ কামরুল হাসান
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)